

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৭.১৪- ১৩/৪০

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৫ বাং  
২৪ এপ্রিল ২০১৮ খ্রি:

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪” এর লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

উল্লিখিত বিষয়ের পরিপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪” এর লিখিত পরীক্ষা আগামী ১১ মে ২০১৮ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:২০ ঘটিকা পর্যন্ত চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, মাগুরা, বাগেরহাট, শেরপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, নোয়াখালী, কক্সবাজার, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, পঞ্চগড়, ঠাকুরগাঁও ও লালমনিরহাট জেলায় একযোগে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা গ্রহণের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের হাজিরাশীট অনলাইনে অথবা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত সিডি থেকে ডাউনলোড করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। প্রার্থীদের নাম ও রোল নম্বরের ক্রমানুসারে কেন্দ্রওয়ারী হাজিরা শীট পরীক্ষা কেন্দ্রে সরবরাহ করতে হবে। পরীক্ষা পরবর্তী হাজিরাশীট/টপশীট-এর ০১ (এক) কপি ফটোকপি সংরক্ষণ করে মূল কপি অধিদপ্তরে উত্তরপত্রের সাথে প্রেরণ করতে হবে।

৩। ইতোপূর্বে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক অধিদপ্তরে সরবরাহকৃত কেন্দ্রের নামসহ কেন্দ্রওয়ারী প্রার্থীর সংখ্যা কোনক্রমেই পরিবর্তন করা যাবে না।

৪। হাজিরা শীটে প্রার্থীর নাম, রোল নম্বর, ছবি, প্রার্থীর স্বাক্ষর, ওএমআর শীটের নম্বর, প্রশ্নের সেট কোড নম্বর ও কক্ষ পরিদর্শকের স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। হাজিরা শীটে ওএমআর শীটের নম্বর ও প্রশ্নের সেট কোড নম্বর লেখা না থাকলে প্রার্থীর উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য প্রার্থীগণ অনলাইনে দরখাস্ত করার সময় যে স্বাক্ষর আপলোড করেছিলেন সেই স্বাক্ষর করতে হবে।

৫। প্রার্থীকে অবশ্যই ওএমআর শীটের নম্বর এবং প্রশ্নের সেট কোড নম্বর (৪ ডিজিটের) হাজিরা শীটে নিজ হাতে লিখতে হবে।

৬। প্রার্থীদের রোল নম্বরের ক্রমানুসারে আসন পরিকল্পনা গ্রহণ করতে হবে। হাজিরাশীটে প্রার্থীদের উপস্থিতি স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীর প্রবেশপত্রের স্বাক্ষর ও ছবি এবং হাজিরাশীটের স্বাক্ষরের সাথে জেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক অনলাইন থেকে সংগৃহীত প্রবেশপত্রের স্বাক্ষর ও ছবি পরস্পরের সঙ্গে মেলাতে হবে। এক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে উক্ত পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলপূর্বক তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। পরীক্ষার্থীর প্রবেশপত্রের স্বাক্ষর ও ছবি এবং হাজিরাশীটের স্বাক্ষর পরস্পরের সঙ্গে মিলানো হয়েছে এবং সঠিক আছে, মর্মে কক্ষ পরিদর্শক ও কেন্দ্র প্রধান কর্তৃক পরীক্ষার্থীর হাজিরাশীটে প্রত্যয়ন দিতে হবে।

৭। প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীকে প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ড্যানিটি ব্যাগ, পার্স, হাত ঘড়ি, বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস ইত্যাদি সঙ্গে রাখতে দেয়া যাবে না। কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের জন্য ব্যবহৃত টয়লেটে উল্লিখিত দ্রব্যাদি যাতে না থাকে তার নিশ্চয়তা বিধান করতে হবে।

৮। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় কোন পরীক্ষার্থী কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ড্যানিটি ব্যাগ, পার্স, হাত ঘড়ি, বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস সাথে নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবে না মর্মে উল্লেখ করে নোটিশ কেন্দ্রের মূল ফটকে ব্যানারে প্রদর্শন করতে হবে (যাতে সহজে সকল পরীক্ষার্থীদের দৃষ্টিগোচর হয়)।

৯। ওএমআর শীট পূরণের নির্দেশনাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য ওয়েবসাইট: [www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd) এ পাওয়া যাবে।

১০। উপরোক্ত নির্দেশনাবলীর আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪”-এর লিখিত পরীক্ষার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

(বিজয় ভূষণ পাল)

যুগ্ম-সচিব

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন-৫৫০৭৪৯১৮

১। জেলা প্রশাসক  
.....(২০ জেলা)

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
.....(২০ জেলা)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৭.১৪- ১৩/৪০(১৫)

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৫ বাং  
২৪ এপ্রিল ২০১৮ খ্রি:

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো:-

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
{দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-সচিব (বিদ্যালয়)।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/সিলেট ও রংপুর বিভাগ।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/সিলেট ও রংপুর বিভাগ।
- ৪। সংরক্ষণ নথি।

এ. কে. এম সাফিয়ার আলম  
উপপরিচালক (নিয়োগ)